

2019

B.A.

3rd Semester Examination

BENGALI (General)

Paper - DSC 1C-T

Full Marks : 60

Time : 3 Hours

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

*Answer any 16 questions.*

বিভাগ-ক

যে কোন ১০টি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ১। 'পথের পাঁচালী' উপন্যাসটি কখন কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? ১+১
- ২। 'সে তো অন্নদামঙ্গলে আছে'—কোন পাঠ্যাংশ থেকে উক্তিটি সংকলিত হয়েছে? বক্তা কে? ১+১
- ৩। 'সাজাহান' নাটকে মোট কতগুলি সংগীত রয়েছে? প্রথম সংগীতটি কার কণ্ঠে গীত হয়েছে? ১+১

[ Turn Over ]

- ৪। ‘মা যে আমাদের ফাঁকি দিয়া চলিয়া গিয়াছে গো’—বক্তা কে?  
এখানে ‘মা’ বলতে কার কথা বলা হয়েছে? ১+১
- ৫। টীকা লেখো ‘ভ্যানগার্ড’। ২
- ৬। ‘ঈশ্বর! পিতাদের এই বুকভরা স্নেহ দিয়াছিলে কেন? কেন তাদের  
হৃদয়কে লৌহ দিয়ে গড়নি?’—বক্তা কে? ২
- ৭। ‘কিন্তু আবার ভাবিলাম—এই যে ত্যাগের সুখটুকু, ইহা হইতে  
বালিকাকে বঞ্চিত করি কেন?’—‘ত্যাগের সুখ’ বলতে এখানে কী  
বোঝানো হয়েছে? ২
- ৮। ‘আত্মজা’ গল্পের পরিণতিতে হিমাংশু কী ঘটনা ঘটিয়েছিল তা  
উল্লেখ করো। ২
- ৯। ‘যশোদা যা-যা ভেবেছিল, ঠিক তাই তাই হল’—‘তাই তাই হল’  
বলতে এখানে কী বোঝানো হয়েছে? ২
- ১০। ‘আমি সত্যই প্রিশ্চান নই গো বাপ’—বক্তার এরূপ অনুভূতির  
কারণ কী? ২
- ১১। ‘হয়ত আমরাই নিরপেক্ষ থেকে চতুর্থ পাণিপথের যুদ্ধে স্টীফানকে  
হারিয়ে ছিলাম।’—বক্তার এরূপ মন্তব্যের কারণ বুঝিয়ে দাও। ২
- ১২। ‘গীতিকাব্য’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র ‘শব্দচাতুর্য্য’ এবং ‘স্বরচাতুর্য্য’ বলতে  
কী বুঝিয়েছেন? ১+১

- ১৩। ‘সাহিত্যক্ষেত্রে এই দুই পথিকৃতের জন্য সারা বাঙ্গালা মেদিনীপুর জেলাকে সম্মান করিবে।’—দুই পথিকৃৎ কে কে? ১+১
- ১৪। ‘কিছুদিন পূর্বে প্রবাসীর জিজ্ঞাসা বিভাগে একজন প্রশ্ন করিয়াছিলেন...।’ ‘প্রবাসী’ পত্রিকাটি কার সম্পাদনায় কত সালে প্রকাশিত হয়? ১+১
- ১৫। ‘মতিলাল পাদরী’ গল্পে যে গীর্জা ঘরের বর্ণনা আছে তার পরিচয় দাও। ২

### বিভাগ-খ

যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ১। ‘পথের পাঁচালী’ উপন্যাসে অপু চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ২। ‘মতিলাল পাদরী’ গল্পে মতিলাল কীভাবে সংকীর্ণ ধর্মীয় গণ্ডী অতিক্রম করে চিরন্তন মানবপ্রেমের ক্ষেত্রে উত্তীর্ণ হয়েছেন তার পরিচয় দাও। ৫
- ৩। ‘অপবিজ্ঞান’ প্রবন্ধে বিজ্ঞানের অপব্যাখ্যা প্রসঙ্গে প্রাবন্ধিক যে সকল দৃষ্টান্ত তুলে ধরেছেন তার যে কোনো ৫টির পরিচয় দাও। ৫
- ৪। প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের অনুসরণে গীতিকাব্যের সংজ্ঞা দাও। প্রসঙ্গত তিনি গীতিকাব্যের যে সকল শ্রেণির পরিচয় দিয়েছেন তা সংক্ষেপে উল্লেখ করো। ৫

[ Turn Over ]

৫। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্প অবলম্বনে স্টিফান হোরো চরিত্রটি পর্যালোচনা করো। ৫

৬। 'সাজাহান' নাটক অবলম্বনে সাজাহানের পিতৃসন্তার পরিচয় দাও। ৫

### বিভাগ-গ

যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

৭। ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের শিল্পমূল্য বিচার করো। ১০

৮। 'পথের পাঁচালী' উপন্যাসে বিভূতিভূষণের প্রকৃতিপীতির পরিচয় দাও। ১০

৯। 'পিতামহ রামজয় তর্কভূষণ' প্রবন্ধে তর্কভূষণ চরিত্রের যে সকল বৈশিষ্ট্যের পরিচয় প্রকাশিত হয়েছে তা উল্লেখ করো। ১০

১০। শুধু হাস্যরস নয়, ঊনবিংশ শতকের বাবু সম্প্রদায়ের আত্ম অবক্ষয়ের চিত্র প্রকাশিত হয়েছে 'চিকিৎসা সংকট' গল্পে।—অভিমতটির যথার্থতা নির্ণয় করো। ১০

